

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার অভ্যন্তরে অবস্থিত প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের পদ্ধতিগত সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা সংক্রান্ত সমঝোতা স্মারক আগস্ট ০৮, ২০২৩ তারিখে সাক্ষরিত হয়। সমঝোতা স্মারক সাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব সেলিনা হায়াত আইভি এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক ( অতিরিক্ত সচিব) জনাব চন্দন কুমার দে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের পক্ষে উপপরিচালক(প্রশাসন) জনাব মাইনুর রহিম (উপসচিব), এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পক্ষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় আরও উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ) জনাব মোঃ আমিরুজ্জামান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর ঢাকা ও ময়মনসিংহ বিভাগের আঞ্চলিক পরিচালক জনাব আফরোজা খান মিতা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম এবং নারায়ণগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার মোহাম্মদ আসাদুজ্জামান নূর।

